

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ কিতাবুল হজ্জ রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৯৯) অজ্ঞতাবশতঃ তাওয়াফে ইফাদ্বা ছেড়ে দিলে করণীয় কী?

উত্তর: তাওয়াফে ইফাদ্বা (হজের তাওয়াফ) হজের অন্যতম রুকন। এটি আদায় না করলে হজ সম্পন্ন হবে না। কোনো মানুষ তা ছেড়ে দিলে তার হজ পূর্ণ হলো না। তা অবশ্যই আদায় করতে হবে- যদিও এজন্য তাকে নিজ দেশ থেকে ফিরে আসতে হয়। এ অবস্থায় যেহেতু সে হজের তাওয়াফ করে নি, তাই তার জন্য স্ত্রী সহবাস বৈধ নয়। কেননা সে এখনো পূর্ণ হালাল হয় নি। তাওয়াফে ইফাদ্বার সাথে যদি সা'ঈও ছেড়ে থাকে, তবে তামাতু কারীকে তাওয়াফে ইফাদ্বা এবং সা'ঈ করতে হবে এবং ক্রিরান ও ইফরাদকারী তাওয়াফে কুদূমের সাথে সা'ঈ না করে থাকলে, তাদেরকেও তাওয়াফে ইফাদ্বার সাথে সা'ঈ করতে হবে, তবেই তারা পূর্ণ হালাল হবে এবং হজ বিশুদ্ধ হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1173

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন